

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর
খন্দকার কমপ্লেক্স, নলজানী, জয়দেবপুর রোড, গাজীপুর
www.gazipurvat.gov.bd
[মূসক সুবিধা ও ভ্যাট অব্যাহতি মনিটরিং শাখা]

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৬২৫.২৬.

তারিখ: .১০.২০২৬ খ্রি.।

আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী গিভেন্সী গার্মেন্টস লিমিটেড, (মূসক নিবন্ধন নম্বর: ০০০১২১৮০৯-১২০১; ঠিকানা: বিশ্ব কুড়াবাড়ি, বোকরান, মনিপুর, ভবানীপুর, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানীমূল্যী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ মিটার ০৯০০১২২৬ এর উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমন্বিত পত্র নং-২৫১১(১-৪), তারিখঃ ১১.১০.২০২৬ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ জাকির হোসেন, রাজস্ব কর্মকর্তা এবং জনাব শুভাশিস সিংহ, সহকারী রাজস্ব কর্মকর্তা; এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১২.১০.২০২৬ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ১২.১০.২০২৬ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেপ্টেম্বর/২৫ থেকে আগস্ট/২৬ করমেয়াদ পর্যন্ত সময়ে উৎসে মূসক বাবদ মোট ১,১৮,০২৩.০০/- (এক লক্ষ আঠারো হাজার তেইশ) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রপ্তানীর বিপরীতে ০১.০৭.২০২৫ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৬ খ্রিঃ পর্যন্ত সময়ে মোট রপ্তানিকৃত বৈদেশিক মুদ্রার পরিমাণ ১১৫,৮৭,৪২,৭২৫.০০ টাকা। পরিশেষে তদন্ত দল উল্লিখিত টেবিলে বর্ণিত বিদ্যুৎ বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী গিভেন্সী গার্মেন্টস লিমিটেড, (মূসক নিবন্ধন নম্বর: ০০০১২১৮০৯-১২০১; ঠিকানা: বিশ্ব কুড়াবাড়ি, বোকরান, মনিপুর, ভবানীপুর, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-

শিরোনাম সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
S057	S057.00	বিদ্যুৎ বিতরণকারী	০৯০০১২২৬	১০৭ ৭০১ ৫২০ ১৯৭০	১০০%

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মুসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাশন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ অক্টোবর, ২০২৬ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ-

একেএম নুরুল হুদা আজাদ

কমিশনার

ই-মেইল: cc.gazipurvat@nbr.gov.bd

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৬২৫.২৬.২৫৫০(১-৮)

তারিখ: ১২.১০.২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। দ্বিতীয় সচিব (মুসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ৫। জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর।
- ✓ ৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-.....। তাকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, গিভেন্সী গার্মেন্টস লিমিটেড, (মুসক নিবন্ধন নম্বর: ০০০১২১৮০৯-১২০১; ঠিকানা: বিশ্ব কুড়াবাড়ি, বোকরান, মনিপুর, ডুবানীপুর, গাজীপুর)।

 12.10.26

সামিয়া নিশাত

সহকারী কমিশনার।